

দৈনিক সুগভীর (বিঃ ১৬)

তারিখ ১২/১২/১৬

ব্রিটে ই-ফাইল বাস্তবায়নবিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটে (ব্রি) ই-ফাইল বাস্তবায়নবিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা শনিবার বিকালে ইন্সটিটিউটের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

কর্মশালায় বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের মহাপরিচালক ড. ভাগ্যরানী বণিক, পরিচালক (গবেষণা) ড. মো. আনহার আলী, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. শাহজাহান কবীর, উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এমরান হোসেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের কনসালট্যান্ট ডোমেইন এক্সপার্ট মো. খোরশেদ আলম খান প্রমুখ বক্তব্য রাখেন। প্রশিক্ষণ কর্মশালাটি প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের সহযোগিতায় বাস্তবায়িত হচ্ছে।

প্রশিক্ষণ কর্মশালায় প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগীয় প্রধান, সেকশন প্রধান ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ মোট ৬০ জন প্রশিক্ষণার্থী অংশ নেন। এ প্রশিক্ষণ বাস্তবায়িত হলে ডিজিটাল্লাইজেশনের মাধ্যমে সব ধরনের অফিসিয়াল কাজ আরও দ্রুত গতিতে সম্পন্ন করা যাবে বলে আশা প্রকাশ করেছে আয়োজক কর্তৃপক্ষ।

